



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

[www.pallisanchoybank.gov.bd](http://www.pallisanchoybank.gov.bd)

পসব্য/প্রকা/ পরি-২২(অংশ-২)/২০২৩-২৪/ ৭০৮

শেখ হাসিনাই রূপকার  
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

তারিখ: ১৩.০৮.২০২৩

### বিশেষ বিজ্ঞপ্তি

২০১৪ সনের ৭নং আইনবলে পল্লী সঞ্চয় ব্যাংক প্রতিষ্ঠিত হয়। উক্ত আইনের ধারা ৩৭ এ প্রদত্ত ক্ষমতাবলে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা বোর্ড সরকারের পূর্বানুমোদনক্রমে পল্লী সঞ্চয় ব্যাংক চাকরি প্রবিধানমালা-২০২২ প্রণয়ন করে।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, পল্লী সঞ্চয় ব্যাংকের কোনো কোনো কর্মকর্তা / কর্মচারী এমন কিছু কর্মকান্ড / বক্তব্য প্রদান করছেন যা ব্যাংকের চাকরি প্রবিধানমালা-২০২২ এর সাধারণ আচরণ ও শৃঙ্খলা পরিপন্থী। এহেন কর্মকান্ডে ব্যাংকের ভাবমূর্তি / সুনাম চরমভাবে ক্ষুণ্ণ হচ্ছে। ফলশ্রুতিতে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা পর্ষদের নিকট থেকে বিভিন্ন সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। এর ফলে ব্যাংক এবং ব্যাংকের কর্মকর্তা / কর্মচারীগণকে সামগ্রিকভাবে ক্ষতিগ্রস্ত হতে হচ্ছে।

এমতাবস্থায়, পল্লী সঞ্চয় ব্যাংক চাকরি প্রবিধানমালা-২০২২ এ বর্ণিত সাধারণ আচরণ ও শৃঙ্খলা পরিপন্থী সকল কর্মকান্ড থেকে বিরত থাকার জন্য ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে বিশেষ নির্দেশ প্রদান করা হলো।

(শেখ মো: জামিনুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

ফোন-+৮৮-০২-৫৫১৩৮৫৫৯